

# জাতীয় গ্রন্থকেন্দ্র আইন, ১৯৯৫

( ১৯৯৫ সনের ২৭ নং আইন )

## জাতীয় গ্রন্থকেন্দ্র স্থাপনকল্পে প্রণীত আইন

যেহেতু জাতীয় গ্রন্থকেন্দ্র নামে একটি গ্রন্থকেন্দ্র স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

### সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

- ১। (১) এই আইন জাতীয় গ্রন্থকেন্দ্র আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।  
(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবত্ হইবে।

### সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-  
(ক) “গ্রন্থকেন্দ্র” অর্থ এই আইনের অধীন স্থাপিত জাতীয় গ্রন্থকেন্দ্র;  
(খ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;  
(গ) “পরিচালক” অর্থ কেন্দ্রের পরিচালক;  
(ঘ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;  
(ঙ) “বোর্ড” অর্থ গ্রন্থকেন্দ্রের পরিচালনা বোর্ড;  
(চ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;  
(ছ) “সদস্য” অর্থ বোর্ডের সদস্য।

### গ্রন্থকেন্দ্র স্থাপন

- ৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধান অনুযায়ী ‘জাতীয় গ্রন্থকেন্দ্র’ নামে একটি গ্রন্থকেন্দ্র স্থাপন করিবে।  
(২) গ্রন্থকেন্দ্র একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং, এই আইন ও বিধি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর

করার ক্ষমতা থাকিবে এবং ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

### গ্রন্থকেন্দ্রের প্রধান কার্যালয়

৪। গ্রন্থকেন্দ্রের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

### গ্রন্থকেন্দ্রের পরিচালনা

৫। গ্রন্থকেন্দ্রের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং গ্রন্থকেন্দ্র যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

### পরিচালনা বোর্ড

৬। (১) পরিচালনা বোর্ড নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) পরিচালক, আর্কাইভস্ ও জাতীয় গ্রন্থাগার;

(গ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য উপ-সচিব এর পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা;

(ঘ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য উপ-সচিব-এর পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা;

(ঙ) শিক্ষা মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উহার একজন কর্মকর্তা;

(চ) তথ্য মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উহার একজন কর্মকর্তা;

(ছ) বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশনের সচিব;

(জ) পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত দুইজন বুদ্ধিজীবী, যাহাদের একজন মহিলা হইবেন;

(ঞ) সরকার কর্তৃক মনোনীত দুইজন পুস্তক প্রকাশক;

(ট) সরকার কর্তৃক মনোনীত দুইজন মুদ্রাকর;

(ঠ) পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর;

(ড) সভাপতি, মুদ্রণশিল্প সমিতি;

(ঢ) পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, যিনি বোর্ডের সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) (ঝ) ও (ঞ)-এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসরের মেয়াদে স্থায় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে:

তবে আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায় পদ ত্যাগ করিতে পারিবেন।

### কেন্দ্রের দায়িত্ব ও কার্যাবলী

৭। কেন্দ্রের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) পাঠসামগ্রীর উপর গ্রন্থপঞ্জী এবং গ্রন্থ প্রকাশ সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ও প্রকাশ করা;

(খ) পাঠকবর্গের চাহিদা ও রুচি সম্পর্কে অনুসন্ধান করা ও তত্ভিত্তিতে রিপোর্ট প্রকাশ করা;

(গ) পুস্তক প্রকাশনা ও বিপণন ব্যবস্থার উন্নয়ন করা;

(ঘ) জনসাধারণের মধ্যে অধিক ও ব্যাপক হারে পাঠপ্রবণতা ও আগ্রহ সৃষ্টির সুযোগ সৃষ্টি করা;

(ঙ) চলতি ও দুস্প্রাপ্য বইয়ের প্রদর্শনীর ব্যবস্থা করা;

(চ) পুস্তক সূচী এবং পাঠক নির্দেশিকা ও দেশে প্রকাশিত পুস্তকের বিস্তারিত বিবরণী প্রকাশ করা;

(ছ) পুস্তক সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা এবং তথ্যানুসন্ধান করা এবং উক্তরূপ গবেষণা ও তথ্যানুসন্ধানলব্ধ তথ্যাদি প্রকাশ করা;

(জ) পুস্তকের প্রতি শিশু-কিশোরদের আগ্রহ সৃষ্টি করার ব্যবস্থা করা;

(ঝ) কেন্দ্রে গ্রন্থাগার স্থাপন করা এবং গ্রন্থাগারে অধ্যয়নের সুযোগের ব্যবস্থা করা;

(ঞ) গ্রন্থাগার সেবার উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি করা;

(ট) পুস্তক প্রকাশনা বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন, কর্মশালা, সিম্পোজিয়াম ও বইমেলায় আয়োজন ও পরিচালনা করা;

(ঠ) গ্রন্থ প্রকাশনাকে উৎসাহিত করিবার উদ্দেশ্যে শ্রেষ্ঠ গ্রন্থ প্রকাশককে পুরস্কার প্রদানের ব্যবস্থা করা;